



ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড
কেরানীগঞ্জ শাখা, এস আর শপিং মল, পূর্ব আগানগর, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা-১৩১০
অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে, মেসার্স শারমীন এন্টারপ্রাইজ এর পক্ষে মালিক জনাব মোঃ জনি, পিতা-মৃত আঃ বারেক, মাতা-গোলেনুর বেগম, সাং-৩১/৫২, শহীদুল আলম সুপার মার্কেট, পূর্ব আগা নগর, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, কেরানীগঞ্জ শাখা হইতে সিসি (হাইপো) ঋণ গ্রহণ করিয়াছেন। ঋণ গ্রহীতার অনুকূলে প্রদত্ত ঋণের জামানত হিসাবে তাহার সত্ত্বদখলীয় নিম্ন তফসিল বর্ণিত জমি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে নিম্ন তফসিল বর্ণিত জমি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্তমোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৪/০৫/২০১৪ ইং তারিখ পর্যন্ত সি সি (হাইপো) ঋণ বাবদ মোট টাকা ২৮,৯৮,৫৪২/- (আটাইশ লক্ষ আটানব্বই হাজার পাচ শত বিয়াল্লিশ টাকা) মাত্র অনাদায়ী রহিয়াছে। উল্লিখিত টাকা ২৮,৯৮,৫৪২/- (আটাইশ লক্ষ আটানব্বই হাজার পাচ শত বিয়াল্লিশ টাকা) সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলবর্ণিত জমি নিলাম বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে দরপত্রদাতাদের স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

নিলামের শর্তাবলী

- আগামী ১৮/১২/২০১৪ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ কেরানীগঞ্জ শাখা, ঢাকায় রক্ষিত টেন্ডার বাঞ্জে জমা প্রদান অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৩.৩০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্র দাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% সমপরিমাণ টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ কেরানীগঞ্জ শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন - রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য গুরু প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ই যেকোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

সম্পত্তির তফসিল

জিলা : ঢাকা, থানা : দক্ষিণ কেরানীগঞ্জ, মৌজা : মিরেরবাগ, সাব-রেজিস্ট্রার অফিস : দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা, জে এল নং : সি এস এবং এস এ-৪৩১, আর এস নং-৮৩, সি এস খতিয়ান নং-২৩২(ক), এস এ খতিয়ান নং-২৬৮ এবং আর এস খতিয়ান নং-৩০১, সি এস এবং এস এ দাগ নং-৩৪৪/৭৮৩, আর এস দাগ নং- ২৯২। মোট জমির পরিমাণ ৩.২৫ ডেসিমাল।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, কেরানীগঞ্জ শাখা, ঢাকা।